



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:/-২৩৯/১২-২০

তারিখ: ২৬ আগস্ট ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি-

বান্দরবানে দুই ত্রিপুরা কিশোরী ধর্ষণের ঘটনায় উদ্বেগ

বান্দরবানের লামা উপজেলার ফাসিয়াখালী ইউনিয়নের রামখতি ত্রিপুরা পাড়ার দুই ত্রিপুরা কিশোরী ধর্ষণের ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক। গণমাধ্যমে প্রকাশিত হয় যে, গত বুধবার রাতে বান্দরবানে বর্ডার গার্ড বাংলাদেশের দুই সদস্য ১২ ও ১৭ বছরের দুই ত্রিপুরা কিশোরীকে ধর্ষণ করে। কাজী রিয়াজুল হক বলেন, “বান্দরবানে দুই ত্রিপুরা কিশোরী ধর্ষণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছি। এ ঘটনায় দায়ের করা মামলার সুষ্ঠু তদন্ত সাপেক্ষে বিচার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানাচ্ছি। পার্বত্য চট্টগ্রাম এলাকার ক্ষুদ্র-নৃতাত্ত্বিক গোষ্ঠীর নারীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীর প্রতি আহ্বান জানাচ্ছি।”

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৭৯০৫৩৬৯৩৬